



ডিন অফিস
বিজ্ঞান অনুসন্ধান
ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা-১০০০, বাংলাদেশ

Tel : 5861 4919
PABX : 9661900-72/4344, 4345
E-mail : deansc@du.ac.bd

নং- বি: অনু:/ /২০১৮-২০১৯

তারিখ : ২২ জানুয়ারি, ২০১৯ খ্রিস্টাব্দ
০৯ মাঘ, ১৪২৫ বঙ্গাব্দ

বিজ্ঞপ্তি

‘বিজ্ঞান ইউনিট ভর্তি: ২০১৮-২০১৯

ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত সরকারী ৭টি কলেজের ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষের ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ‘বিজ্ঞান ইউনিটে’ মুক্তিযোদ্ধা/উপজাতি/ক্ষুদ্র নৃ-গোষ্ঠী/প্রতিবন্ধি/হরিজন ও দলিত কোটায় আবেদনকারী শিক্ষার্থীদের পছন্দক্রম অনুযায়ী কলেজ ও বিভাগ মনোনয়ন দেওয়া হলো। মনোনীত শিক্ষার্থীদেরকে আগামী ২৭/০১/২০১৯ তারিখের মধ্যে ওয়েবসাইটে লগইন করে SIF ফর্ম পূরণ এবং সংশ্লিষ্ট কলেজের পে-ইন-স্লিপ ডাউনলোড করে বিকাশ অথবা সোনালী ব্যাংক লি:-এর ‘সোনালী সেবার’ মাধ্যমে ঢাকা বিশ্ববিদ্যালয় শাখা ব্যতীত যেকোনো অনলাইন শাখায় নির্ধারিত ফিস জমা দিতে হবে। অতঃপর ভর্তি পরীক্ষার প্রবেশপত্রসহ ফিস জমাদানের পে-ইন-স্লিপের কপি নিয়ে সংশ্লিষ্ট কলেজে যোগাযোগ করে ২৭/০১/২০১৮ তারিখের মধ্যে নিজ দায়িত্বে ভর্তির কার্যক্রম সম্পন্ন করতে হবে। নির্ধারিত সময়সীমার মধ্যে ভর্তির কার্যক্রম সম্পন্ন করতে ব্যর্থ হলে ভর্তির মনোনয়ন বাতিল বলে গণ্য হবে। সংশ্লিষ্ট কলেজ থেকে ভর্তির ফর্ম সংগ্রহপূর্বক ভর্তির ফর্মের সঙ্গে (ক) সদ্যতোলা পাসপোর্ট সাইজের ছবি, (খ) সর্বশেষ যে শিক্ষা প্রতিষ্ঠান থেকে উত্তীর্ণ হয়েছে সেই প্রতিষ্ঠান প্রধানের প্রসংশাপত্র, (গ) ভর্তি পরীক্ষার প্রবেশপত্রের কপি, (ঘ) এস.এস.সি. এবং এইচ.এস.সি. পরীক্ষার মূলগ্রেডশীট জমা দিতে হবে।

প্রফেসর ড. মোহাম্মদ আব্দুল আজিজ
ডিন, বিজ্ঞান অনুসন্ধান এবং
সমন্বয়কারী, বিজ্ঞান ইউনিট ভর্তি: ২০১৮-২০১৯
ঢাকা বিশ্ববিদ্যালয়